## ♣ উত্তরপত্র

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৫ (১ম ধাপ)

**Total questions : 80 Total marks : 80**

---

1) 3 সে. মি., 4 সে. মি. ও 5 সে. মি. বাহুবিশিষ্ট তিনটি ঘনক গলিয়ে নতুন একটি ঘনক তৈরি করা হল। নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য কত হবে?

1)
7.5 সে. মি.

2)
6.5 সে. মি.

✔ 3)
6 সে. মি.

4)
7 সে. মি.

**ব্যাখ্যা :**

ঘনকের আয়তন = (বাহু)$^3$
১ম ঘনকের আয়তন = $(3)^3$ = 27 ঘন সে. মি.
২য় ঘনকের আয়তন =$(4)^3$ = 64 ঘন সে. মি.
৩য় ঘনকের আয়তন =$(5)^3$ = 125 ঘন সে. মি.
অর্থাৎ, নতুন ঘনকের আয়তন = 27 + 64 + 125 ঘন সে. মি. = 216 ঘন সে. মি.
নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য x হলে , $x^3$ = 216 সে. মি.
সুতরাং, x = 6 সে. মি.

Hello BCS

2) বাংলাদেশ সংবিধানে প্রশাসনিক ট্রাইব্যুনাল বিষয়টি কোন অনুচ্ছেদে সন্নিবেশিত হয়েছে?

1)
১১০

2)
১১৫

✔ 3)
১১৭

4)
১২০

**ব্যাখ্যা :** সংবিধানে ১১৭ নং অনুচ্ছেদে প্রশাসনিক ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা করার কথা হয়েছে।
১৯৮০ সালের প্রশাসনিক ট্রাইব্যুনাল আইনের সরকারি কর্মচারীদের চাকুরিসংক্রান্ত বিরোধ নিষ্পত্তি করার প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল গঠিত হয়।

3) শেষ মুঘল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?

1)
দিল্লি

2)
আগ্রা

✔ 3)
ইয়াঙ্গুন

4)
লাহোর

**ব্যাখ্যা :** দ্বিতীয় বাহাদুর শাহ
তিনি ছিলেন সর্বশেষ মুঘল সম্রাট। সিপাহি বিদ্রোহের পর ১৮৫৮ খ্রিস্টাব্দে তাঁকে রেঙ্গুনে নির্বাসন দেয়া হয় এবং সেখানেই তিনি মৃত্যুবরণ করেন।

4) কোন মুসলিম মনিষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান?

1)
ইয়াসির আরাফাত

✔ 2)
আনোয়ার সাদাত

3)
নাগীব মাহফুজ

4)
প্রফেসর আব্দুস সালাম

**ব্যাখ্যা :** ১৯৭৮ সালে নোবেল পুরস্কার লাভ করেন আনোয়ার সাদাত ( শান্তিতে) । এছাড়া ১৯৭৯ সালে আব্দুস সালাম ( পদার্থে), ১৯৮৮ সালে নাগিব মাহফুজ ( সাহিত্যে ) ১৯৯৪ সালে ইয়াসির আরাফাত শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

Hello BCS

5) কোন বানানটি শুদ্ধ?

1)
শুশ্রুষা

2)
সুশ্রুষা

✔ 3)
শুশ্রূষা

4)
সুশ্রুসা

**ব্যাখ্যা :** শুশ্রূষা - বি. 1 (প্রধানত রোগীর) পরিচর্যা বা সেবা ; 2 (বাং. বিরল) শোনার ইচ্ছা। [সং. √ শ্রু + সন্ + অ + আ] ̃ কারী ( - রিন্) বিণ. সেবক ; যে শুশ্রূষা করে। স্ত্রী. ̃ কারিণী সেবিকা, নার্স। শুশ্রূষু বিণ. 1 সেবা করতে ইচ্ছুক ; 2. শুনতে ইচ্ছুক ; 3 সেবক।

6) সুইডেনের মুদ্রার নাম কী?

1)
পাউন্ড

2)
ডলার

3)
পেসো

✔ 4)
ক্রোনা

Hello BCS

**ব্যাখ্যা :** ইউরোপীয় ইউনিয়নভুক্ত পুরাতন সদস্য (১৫টি) রাষ্ট্রের মধ্যে যুক্তরাজ্য, ডেনমার্ক ও সুইডেন ইউরো গ্রহণ করেনি। সুইডেন এখন ও মুদ্রা হিসেবে 'ক্রোনা ' ব্যবহার করছে। অন্যদিকে পাউন্ড যেসব দেশে প্রচলিত সেগুলো হলো - যুক্তরাজ্য (পাউন্ড স্টার্লিং) ,সিরিয়া ,সাইপ্রাস ,লেবানন ,সুদান ও মিশর । ডলার প্রচলিত রয়েছে এরুপ কিছু দেশ হলো : যুক্তরাষ্ট্র,সিঙ্গাপুর, বাহরাইন, পূর্ব তিমুর, কানাডা, জ্যামাইকা , অস্ট্রেলিয়া ইত্যাদি এবং পেসো প্রচলিত রয়েছে এরুপ কিছু দেশ হলো - ফিলিপাইন, গিনি বিসাউ, মেক্সিকো ,কিউবা, আর্জেন্টিনা, চিলি, কলম্বিয়া ইত্যাদি।

7) ১ হতে ১০০ পর্যন্ত সংখ্যা সমূহের যোগফল কত?

1)

৪৯৯৯

2)
৫৫০১

✔ 3)
৫০৫০

4)
৫০০১

**ব্যাখ্যা :** ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল = n(n + 1)/2
= ১০০×(১০০ + ১)/২
= ১০০×১০১/২
= ৫০×১০১
= ৫০৫০

8) নবায়ন যোগ্য শক্তি উৎসের একটি উদাহরন হলো-

1)
পারমানবিক জ্বালানী

2)
পীট কয়লা

3)
ফুয়েল সেল

✔ 4)
সূর্য

**ব্যাখ্যা :** সূর্য থেকে প্রতিনিয়ত যে পরিমাণ শক্তি পৃথিবীতে এসে পৌঁছায় তা সূর্যের উৎপন্ন শক্তির দুই শত কোটি ভাগের এক ভাগ মাত্র। এই সৌরশক্তির অফুরন্ত ভাণ্ডার আমাদের প্রতিদিনের নানারকম কাজের চাহিদা মেটায়। বর্তমানে সৌরশক্তিকে ব্যবহার করে বাষ্প উৎপাদনের মাধ্যমে টারবাইন ও জেনারেটরের সাহায্যে বিদ্যুৎ উৎপাদন করা হয়। এ ছাড়া রান্নার কাজে সৌরচুল্লি ব্যবহার করা হয়ে থাকে। এই সৌরশক্তি বারবার ব্যবহার করা যাবে। কখনোই শেষ হবে না। তাই সৌর শক্তিকে নবায়নযোগ্য শক্তি বলা হয়। পৃথিবীতে প্রায় 99.97% শক্তির উৎস হলো সূর্য। সুর্যই সকল শক্তির মুল উৎস।

9) ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?

1)
বর্ণ

Hello BCS

2)
শব্দ

3)
অক্ষর

✔ 4)
ধ্বনি

**ব্যাখ্যা :** ভাষার ক্ষুদ্রতম একক হলো 'ধ্বনি' । এটা ভাষার মৌলিক অংশ । ধ্বনির লিখিত রুপ হলো 'বর্ণ' । শব্দের অংশ হলো অক্ষর। বাক্যের ক্ষুদ্রতম একক বা অংশকে শব্দ বলে।

10) কোন আসল ৩ বছরে সুদে-আসলে ৪৬০ টাকা এবং ৫ বছরে সুদে-আসলে ৫০০ টাকা হয়। শতকরা সুদের হার কত?

1)
৬%

2)
৪%

✔ 3)
৫%

4)
৭%

**ব্যাখ্যা :**

২ বছরের সুদ = (৫০০ - ৪৬০ ) = ৪০ টাকা।
∴ ১ বছরের সুদ = ৪০/ ২ = ২০ টাকা
∴ ৩ বছরের সুদ = ২০ x ৩ = ৬০ টাকা
সুতরাং মূলধন = (৪৬০ - ৬০) = ৪০০ টাকা।

I = Pnr
Or, r = 60 x 100 / (400 x 3)
∴ r = 5%

11) দুইটি সংখ্যার গুণফল ১৩৭৬। সংখ্যা দুটির ল.সা.গু ৮৬হলে গ.সা.গু কত?

1)

Hello BCS

১২

2)
১৮

3)
১৪

✔ 4)
১৬

**ব্যাখ্যা :**

দুইটি সংখ্যার গুণফল = ল.সা.গু × গ.সা.গু
১৩৭৬ = ৮৬ × গ.সা.গু
গ.সা.গু = ১৩৭৬/৮৬ = ১৬

12) Fill in the blank: You should......... swimming.

1)
takes off

✔ 2)
Start up

3)
get off

4)
take up

**ব্যাখ্যা :** কেননা Start up এর অর্থ কোনকিছু শুরু করা বা চালু করা। তাহলে you should start up swimming বাক্যটির অর্থ দাঁড়ায় : তোমার সাঁতার শুরু করা উচিত।

13) Choose the correct spelling -

1)
Suname

2)
Sunamee

✔ 3)

Hello BCS

Tsunami

4)
Sunami

ব্যাখ্যা : Tsunami = সুনামি
সমুদ্রের নিচে প্রবল ভূমিকম্প বা বিধ্বংসী অগ্ন্যুৎপাত জনিত কারণে নির্গত প্রবল শক্তির ফলে সমুদ্রের বিপুল জলরাশি হঠাৎ করে প্রবল বেগে সমুদ্র উপকূলের ওপর বিশাল ঢেউ এর আকারে আছড়ে পড়লে তাকে সুনামি বলে।

14) 'He was taken to task' এর বাংলা হলো-

1)
তাকে কাজ দেয়া হয়েছিল

2)
তাকে কাজের জন্য বলা হয়েছিল

3)
সে কাজ নিয়েছিল

✔ 4)
তাকে তিরস্কার করা হয়েছিল

ব্যাখ্যা : "He was taken to task" - এর বাংলা হলো - তাকে তিরস্কার করা হয়েছিল।
Take one to task একটি idiom যার অর্থ কাউকে তীব্রভাবে তিরস্কার করা। বাক্যটি passive sentence এ রয়েছে যার অর্থ তাকে তিরস্কার করা হয়েছিল।

15) 'The baby is always smiling' এর বাংলা অনুবাদ হলো-

1)
শিশুটি সবসময়ই হাসে

2)
শিশুটির মুখে হাসিতে ভরা

✔ 3)
শিশুটির মুখে হাসি লেগেই আছে

4)
শিশুটি সবসময়ই হাসছে

Hello BCS

ব্যাখ্যা : "The baby is always smiling" এর বাংলা অনুবাদ হলো - শিশুটির মুখে হাসি লেগেই আছে।

16) Which word is not a noun?

1) Simulation

✔ 2) Defame

3) Indemnity

4) Articulation

ব্যাখ্যা : Defame is a Verb and defamation is noun.
Meaning: to damage the reputation of a person or group by saying or writing bad things about them that are not true
Synonyms
besmirch, denigrates, mearsully, formal
Antonyms: commend, compliment, flatter, honor, laud, praise

17) 'Salt of life' stands for-

1) Sodium Chloride

✔ 2) Valuable things

3) Sorrows of life

4) Saline water

ব্যাখ্যা : "Salt of life" stands for - valuable things.
"Salt of life" - একটি idiom যার অর্থ মূল্যবান জিনিস বা valuable things.

18) Correct passive form' I have to do it'-

1)

Hello BCS

It is to be done by me

2)
Let it done by me

3)
It has to be done to me

✔ 4)
It has to be done by me.

ব্যাখ্যা : "I have to do it" - passive form is - It has to be done by me.
Have to/has to ব্যবহৃত active voice কে passive voice এ পরিবর্তনের ক্ষেত্রে - active voice এর object টি subject হবে + subject অনুযায়ী have to/ has to + be + verb এর past participle form + by + subject এর objective form বসে।

19) Fill in the blank: The climate is congenial..... health.

1)
with

2)
on

✔ 3)
to

4)
for

ব্যাখ্যা : The climate is congenial - - - - - - - health. শূন্যস্থান টিতে 'to' হবে। কেননা Congenial শব্দটির সাথে appropriate preposition হিসেবে to ব্যবহৃত হয় যার অর্থ উপযোগী।

20) 'Paradise Lost' attempt to-

1)
Show that the satan and God have equal power

2)
Explain why good & evil are necessary

3)

Hello BCS

Justify the way of man to God

✔ 4)
Justify the way of God to Man

ব্যাখ্যা : Paradise Lost is an attempt to make sense of a fallen world: to “justify the ways of God to men”, and no doubt to Milton himself. Paradise Lost is an epic poem in blank verse by the 17th-century English poet John Milton (1608–1674).

21) Duchess' is feminine of-

1)
Earl

2)
Dramatist

3)
Dutchman

✔ 4)
Duke

ব্যাখ্যা : "Duchess" feminine is - Duke.
Duchess শব্দটি feminine gender যার অর্থ সম্ভ্রান্ত মহিলা এবং এই শব্দটি আসছে masculine gender Duke থেকে যার অর্থ সম্ভ্রান্ত পুরুষ। Earl - উত্তম পদমর্যাদাসম্পন্ন সম্ভ্রান্ত ইংলিশ ব্যক্তিদের পদবী। Dramatist - নাট্যকার। Dutchman - ওলন্দাজ

22) Which one is reflexive pronoun?

1)
Who

2)
He

3)
Each

✔ 4)
myself

Hello BCS

**ব্যাখ্যা :** বাক্যের subject এবং object যখন একই হয়, তখন subject কে উল্লেখ করার জন্য যেসব pronoun ব্যবহৃত হয়ে থাকে সেগুলোকেই reflexive pronoun বলা হয়। এরা object কিংবা indirect object উভয় হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে। Reflexive pronoun এর শেষে -self বা -selves যুক্ত থাকে।

23) Article is used based on-

✔ 1) Pronunciation

2) Stress

3) Spelling

4) Sound

**ব্যাখ্যা :** Article is used based on - - pronunciation.
Article - এর ব্যবহার সাধারণত pronunciation বা উচ্চারণের উপর নির্ভরশীল। যেমন - consonant এর উচ্চারণ vowel এর মত হলে a না হয়ে an হবে an MA। আবার h - এর উচ্চারণ উহ্য থাকলে a না হয়ে an হবে। an honest, an heir ইত্যাদি।

24) Which is adjective?

✔ 1) special

2) Laugh

3) Crime

4) Miser

**ব্যাখ্যা :** Adjective is 'special'.
Special - শব্দটি adjective যার অর্থ বিশিষ্ট, সাধারণ নয় বা কোন বিশেষ বা নির্দিষ্ট ধরনের। Laugh (verb) - হাসা, crime (noun) - অপরাধ Miser (noun) - কৃপণ.

Hello BCS

25) 'To read between the lines' means -

1)
To suspect

2)
To read carefully

✔ 3)
To graps the hidden meaning

4)
To concentration

ব্যাখ্যা : To read between the lines means - to grasp the hidden meaning.
To read between the line একটি phrase যার অর্থ তাৎপর্য বুঝা পড়া। অর্থাৎ 'to grasp the hidden meaning'.

26) Choose the correct sentence.

1)
He speaks the English like the English

2)
He speaks English like English

3)
He is speaks the English like English

✔ 4)
He speaks English like the English

ব্যাখ্যা : the correct sentence is - He speakes English like the English.
English একটি ভাষা। কিন্তু the English বলতে শুধু ইংল্যান্ডের মানুষকে বুঝা যায় অর্থাৎ ইংরেজ জাতি কে নির্দেশ করে। he speaks English like the English - বাক্যটির অর্থ : 'সে ইংরেজদের মত ইংরেজিতে কথা বলে'।aning'.

27) Choose the correct sentence.

✔ 1)
He has been living here for five months.

2)

Hello BCS

He live here for five months.

3)
He lives here for five months.

4)
He is living here for five months

ব্যাখ্যা : the correct sentence is - He has been living here for five months. Present perfect continuous tense এর বাক্য গঠনের সূত্র - subject + subject অনুযায়ী have been/ has been + মূল verb + ing + object (যদি থাকে) + point of time বুঝালে since এবং period of time বুঝালে for + সময়ের উল্লেখ।
He has been living here for five monts - সেই পাঁচ বছর যাবত এখানে বাস করছে।

28) Which Sentence is correct?

1)
Neither of roads are leading to the railway station.

2)
Neither of roads are led to the railway station.

3)
Neither of roads are lead's to the railway station.

✔ 4)
Neither of the roads leads to the railway station.

ব্যাখ্যা : the correct sentence is - neither of the roads leads to the railway station.
Neither of/ either of এরপরে noun/ pronoun plural হবে কিন্তু verb হবে singular।
Neither neither of the roads leads to the railway station বাক্যটির অর্থ : রাস্তা দুটির একটি রেল স্টেশনের দিকে যায়নি. উত্তর তো খ নম্বর ও সঠিক।

29) Fill in the blank: He had written the book before he........

1)
Will be retired

✔ 2)
Retired

3)

Hello BCS

had retired

4)
has retired

ব্যাখ্যা : He had written the book before he - retired.
Past perfect tense এ before এর পূর্বে past perfect tense এবং before এরপরে past indefinite tense হয়।

30) What is the antonym of 'Hybrid'?

1)
Simple

2)
Productive

✔ 3)
Purebred

4)
Raised

ব্যাখ্যা : the antonym of 'hybrid' is - purebred.
Hybrid - সঙ্কর এবং শব্দটির antonym বা বিপরীত শব্দ হচ্ছে purebred বা unmixed । simple - সহজ সরল। productive - উৎপাদনশীল। raised - উত্থাপিত.

31) Which one is the correct narration: He said to me, "May you be happy"?

1)
He said that I might be happy.

✔ 2)
He wished that I might be happy.

3)
He told that I might be happy.

4)
He reported that I might be happy.

Hello BCS

**ব্যাখ্যা :** He said to me "May you be happy" indirect speech is - He wished that I might be happy.
Optative sentence এর ক্ষেত্রে direct speech থেকে indirect speech এ পরিবর্তনের নিয়ম হচ্ছে - subject + wish + that + reported speech এর subject + might + মূল verb থেকে শেষ পর্যন্ত।

32) নিচের কোন বানানটি শুদ্ধ?

1) মুহুর্ত

2) মুহর্ত

3) মুহুর্ত

✔ 4) মুহূর্ত

**ব্যাখ্যা :** প্রদত্ত শব্দ গুলির মধ্যে মুহূর্ত বানানটি শুদ্ধ।
অন্যান্য অপশনগুলোর বানান ব্যাকরণগত ভুল রয়েছে।

33) 'মৃতের মতো অবস্থা যার' এর এককথায় প্রকাশ-

1) মৃতবৎ

2) আনমনা

3) জীবন্মৃত

✔ 4) মুমূর্ষু

**ব্যাখ্যা :** মৃতের মত অবস্থা যার - মুমূর্ষু।
মরার মত - মৃতবৎ, জীবিত থেকেও মৃতের মতো - জীবন্মৃত, অন্যমনস্ক থাকে যে - আনমনা।

Hello BCS

34) 'কর্ম সম্পাদনে পরিশ্রমী' এর সংকুচিত রূপ কি হবে?

1)
কর্মোদ্যমী

✔ 2)
কর্মঠ

3)
কর্মী

4)
কর্মনিষ্ঠ

**ব্যাখ্যা :** 'কর্ম সম্পাদনে পরিশ্রমী' বাক্যের সংক্ষিপ্ত রূপ - - কর্মঠ।
যিনি কাজ করে - কর্মী, যিনি কাজে উদ্যমী - কর্মোদ্যমী।

35) নিচের কোন শব্দটি ভুল বানানে লেখা আছে?

1)
স্বায়ত্তশাসন

2)
অভ্যন্তরীণ

3)
শ্রদ্ধাঞ্জলি

✔ 4)
মুহুর্মূহু

**ব্যাখ্যা :** প্রদত্ত অপশন গুলোর মধ্যে ভুল বানানটি হল মুহর্মূহু।
বানানটি শুদ্ধ রূপ হল মুহুর্মুহু। অন্যান্য বানানগুলো শুদ্ধ রয়েছে যেমন : স্বায়ত্তশাসন, শ্রদ্ধাঞ্জলি, অভ্যন্তরীণ।

36) 'জঙ্গম' এর বিপরীতার্থক শব্দ কোনটি?

1)
পর্বত

✔ 2)
স্থাবর

3)

Hello BCS

অরণ্য

4)
সমুদ্র

**ব্যাখ্যা :** ”জঙ্গম” - এর বিপরীতার্থক শব্দ : স্থাবর।
জঙ্গম বিশ্লেষণ বাচক শব্দটির অর্থ : গতিশীল, অস্থাবর ; যার বিপরীত শব্দ স্থাবর।

37) 'শশাঙ্ক' শব্দের প্রতিশব্দ কোনটি?

1)
সূর্য

✔ 2)
চাঁদ

3)
খরগোশ

4)
সমুদ্র

**ব্যাখ্যা :** ”শশাঙ্ক” শব্দের সঠিক অর্থ চাঁদ।
এর আরো কিছু প্রতিশব্দ : চন্দ্রা, চন্দ্র, শশধর, শশাংক, শশী, চন্দ্রিমা, ইন্দু, নিশাকর, নিশাপতি, নিশানাথ, নিশাকান্ত, কলানিধি, হিমকর, সুধাকর, সোম, সুধাংশু, হিমাংশু, শীতাংশু, বিধু, তারাপতিক, কলানিধি

38) 'আদালত' শব্দটি কোন ভাষা হতে আগত?

1)
ফারসি

✔ 2)
আরবি

3)
বাংলা

4)
পর্তুগিজ

**ব্যাখ্যা :** ”আদালত” শব্দটি আরবি ভাষার শব্দ ।
আরবি ভাষা থেকে বাংলা ভাষায় বহু শব্দ এসেছে । কিছু আরবি শব্দ হলো আল্লাহ , ওযু , হজ , যাকাত , হালাল

Hello BCS

, হারাম , দোয়াত , নগদ , বাকি , মহকুমা , মোক্তার , তারিখ , খবর , খাজনা , জনাব , দলিল , নবাব , মসজিদ , লেবু , মন ইত্যাদি ।

39) 'আটকপালে' এর অর্থ কোনটি?

1)
জ্ঞানী

2)
কারারুদ্ধ

✔ 3)
হতভাগ্য

4)
সৌভাগ্যবান

**ব্যাখ্যা :** ”আটকপালে” শব্দের অর্থ হতভাগ্য।
আট কপালে শব্দের অর্থ হতভাগ্য এবং একাদশে বৃহস্পতি শব্দের অর্থ সৌভাগ্যবান বা সৌভাগ্যের বিষয়।

40) কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ?

1)
ক্ষুধা + আর্ত

2)
ক্ষুৎ + ঋর্ত

3)
ক্ষুধ + আর্ত

✔ 4)
ক্ষুধা + ঋত

**ব্যাখ্যা :** 'ক্ষুধার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ : ক্ষুধা + ঋত (ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত)

41) 'নির্মল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

1)
নোংরা

2)
অনির্মল

Hello BCS

✔ 3)
পঙ্কিল

4)
অপরিষ্কার

**ব্যাখ্যা :** ”নির্মল” শব্দের বিপরীতার্থক শব্দ নোংরা।
নির্মল বিশেষণবাচক শব্দটির অর্থ : স্বচ্ছ, যার বিপরীত শব্দ পঙ্কিল।

42) 'জায়া ও পতি' সমাস করলে কি হয়?

1)
জায়া-পতি

2)
স্বামী-স্ত্রী

3)
পতি- পত্নী

✔ 4)
দম্পতি

**ব্যাখ্যা :** জায়া ও পতি = দম্পতি, এটি দ্বন্দ্ব সমাস।
যে সমস্যায় প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন তাল ও তমাল = তাল তমাল, দোয়াত ও কালি = দোয়াত কালি ইত্যাদি।

Hello BCS

43) বজ্রে তোমার বাঁশি বাজে। এখানে 'বজ্রে' কোন কারকে কোন বিভক্তি?

✔ 1)
অপাদনে সপ্তমী

2)
অধিকরণে সপ্তমী

3)
করণে সপ্তমী

4)
কর্তায় শূন্য

**ব্যাখ্যা :** বজ্রে তোমার বাজে বাঁশী? অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।
ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারকে সপ্তমী অর্থাৎ 'এ' 'য়' 'তে' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়। যেমন - বজ্রে তোমার বাজে বাঁশী।

44) তালব্যবর্ণ কোনগুলি?

1)
এ, ঐ

✔ 2)
ই, ঈ

3)
উ, ঊ

4)
ও, ঔ

**ব্যাখ্যা :** তালব্য বর্ণ - ই, ঈ, চ, ছ, জ, ঝ, ঐ, ষ, শ
সূত্র - অষ্টম শ্রেণির বাংলা ব্যাকরণ বোর্ড বই।

45) কোনটি বাংলা ধাতু?

✔ 1)
কাট্

2)
কৃ

3)
মাগ্

4)
গম্

Hello BCS

**ব্যাখ্যা :** যেসব ধাতু সংস্কৃত থেকে প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় ব্যবহৃত হয়, তাকে বাংলা ধাতু বলে।
যেসব ধাতু বা ক্রিয়ামূল সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলা ভাষায় আসেনি সেগুলো হলো বাংলা ধাতু।
যেমন -
আঁক্ + আ = আঁকা - কী সব আঁকাআঁকি করছ?
দেখ্ + আ = দেখা - জাদুঘর আমার কয়েকবার দেখা।
কক্ + অ = কর - তুমি কী কর?
হাস + ই = হাসি - তোমার হাসিটি খুব সুন্দর।

46) 'উত্তম পুরুষ' উপন্যাসের রচয়িতা কে?

1)
শওকত ওসমান

2)
জহির রায়হান

3)
শহীদুল্লাহ কায়সার

✔ 4)
রশীদ করিম

**ব্যাখ্যা :**

রশীদ করিমের একটি অন্যতম উপন্যাস হলো 'উত্তম পুরুষ'। ১৯৬১ সালে প্রকাশিত এ উপন্যাসটি নগরজীবনের বৈশিষ্ট্য অবলম্বনে রচিত। তার অন্যান্য উল্লেখযোগ্য উপন্যাসের মধ্যে রয়েছে- প্রসন্ন পাষাণ (১৯৬৩), আমার যত গ্লানি (১৯৭৩) , মায়ের কাছে যাচ্ছি ইত্যাদি। শওকত ওসমান রচিত উল্লেখযোগ্য উপন্যাস - জননী (১৯৬৮), ক্রীতদাসের হাসি (১৯৬২), জাহান্নাম হইতে বিদায় (১৯৭১) ইত্যাদি। জহির রায়হান রচিত উল্লেখযোগ্য উপন্যাস- হাজার বছর ধরে (১৯৬৪), আরেক ফাল্গুন (১৯৬৮), বরফ গলা নদী (১৯৬৯) ইত্যাদি। শহীদুল্লাহ কায়সার রচিত উল্লেখযোগ্য উপন্যাস - সারেং বউ (১৯৬২) ও সংশপ্তক (১৯৬৫)।

47) 'হ্যারিপটার' কি?

1)
এক ধরনের খেলনা

2)
এক জাতীয় ধাতব

✔ 3)
একটি শিশুতোষ বই

Hello BCS

4)
এক জাতীয় গুচ্ছবোমা

**ব্যাখ্যা :** হ্যারি পটার' একটি শিশুতোষ বই।
হ্যারি পটার একটি মনমুগ্ধকর কাল্পনিক কিশোর উপন্যাসের লেখিকা হলেন ব্রিটিশ নাগরিক জে কে রাউলিং। এ পর্যন্ত এ সিরিজের সাতটি বই বেরিয়েছে। প্রথম ও শেষ উপন্যাস দুটির যথাক্রমে Harry potter and the philosopher's stone ও Harry potter and the deathly hallows.

48) কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

1)
আভাস

✔ 2)
অজানা

3)
গরমিল

4)
বেমালুম

**ব্যাখ্যা :** খাঁটি বাংলা উপসর্গ মোট ২১টি। যথা—অ, অনা, অজ, অঘা, আ, আড়, আন, আর, ইতি, ঊন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

49) মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস কোনটি?

1)
সূর্য দীঘল বাড়ি'

✔ 2)
জাহান্নাম হইতে বিদায়

3)
জননী

4)
কর্ণফুলী

Hello BCS

**ব্যাখ্যা :** 'জাহান্নাম হইতে বিদায়' (১৯৭১) শওকত ওসমানের প্রথম মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। দেশ' পত্রিকার সম্পাদক শ্রী সাগরময় ঘোষের অনুরোধে তিনি এই উপন্যাস রচনা করেন এবং ঐ পত্রিকায় এটি প্রথম প্রকাশিত হয়। উপন্যাসটি সাতটি পরিচ্ছেদে বিভক্ত।

50) 'গবেষণা' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

1)
গবে + ষণা

✔ 2)
গো + এষণা

3)
গ + এষণা

4)
গব + এষণা

**ব্যাখ্যা :** "গবেষণা" শব্দের সন্ধি বিচ্ছেদ গো + এষণা। এ, ঐ, ও, ঔ কারের পর এ ঐ স্থানে যথাক্রমে অয় আয় এবং ও ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমন : গো + এষণা = গবেষণা, গৈ + অক = গায়ক।

51) 'উয়ারি বটেশ্বর' কোথায় অবস্থিত?

1)
মুন্সিগঞ্জ

2)
দাউদকান্দি

✔ 3)
নরসিংদী

4)
নারায়ণগঞ্জ

**ব্যাখ্যা :** উয়ারী-বটেশ্বর বাংলাদেশের রাজধানী শহর ঢাকা থেকে ৭০ কিলোমিটার উত্তর-পূর্বে নরসিংদীর বেলাবো ও শিবপুর উপজেলায় অবস্থিত উয়ারী ও বটেশ্বর নামীয় দুটি গ্রামব্যাপী একটি প্রত্নতাত্ত্বিক স্থান।

52) আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে কোন প্রণালী?

✔ 1)
বেরিং প্রণালী

Hello BCS

2)
ফ্লোরিডা প্রনালী

3)
পক প্রণালী

4)
জিব্রাল্টার প্রণালী

**ব্যাখ্যা :** আমেরিকাকে এশিয়া থেকে পৃথক করেছে বেরিং প্রণালী।
এর প্রশস্ততা 42 কিমি। এটি উত্তর মহাসাগর এর চুকচি সাগর ও প্রশান্ত মহাসাগরের বেরিং সাগরকে যুক্ত করেছে।

53) 'সবুজ গ্রহ' বলা হয় কাকে?

✔ 1)
ইউরেনাস

2)
বুধ

3)
পৃথিবী

4)
মঙ্গল

**ব্যাখ্যা :** সবুজ গ্রহ বলা হয় ইউরেনাসকে।
বুদ হল সূর্যের সবচেয়ে নিকটতম গ্রহ। পৃথিবী হলো একমাত্র গ্রহ যেখানে মানুষ বাস করে। আর মঙ্গল গ্রহকে বলা হয় লাল গ্রহ বা গোলাপি গ্রহ।

54) বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসাধারণ বীরত্ব প্রদর্শনের জন্য কতজনকে বীরত্বসূচক খেতাব প্রদান করা হয়?

✔ 1)
৬৭৬ জন

2)
৬৮ জন

3)
১৭৫ জন

4)

Hello BCS

৪২৬ জন

**ব্যাখ্যা :** বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসাধারণ বীরত্ব প্রদর্শনের জন্য ৬৭৬ জনকে বীরত্বসূচক খেতাব প্রদান করা হয়। যার মধ্যে বীরশ্রেষ্ঠ, বীর উত্তম, বীর বিক্রম, বীর প্রতীক খেতাব যথাক্রমে ৭, ৬৮, ১৭৫ ও ৪২৬ জন।

55) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কি?

1)
সংগ্রাম

✔ 2)
অসমাপ্ত আত্মজীবনী

3)
বাংলাদেশ ও আমি

4)
আমার জীবনী

**ব্যাখ্যা :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আত্মজীবনীমূলক গ্রন্থের নাম - - অসমাপ্ত আত্মজীবনী। অসমাপ্ত আত্মজীবনী শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী সংকলন। ২০১২ সালের জুনে এ বইটি প্রকাশিত হয়। এ পর্যন্ত ক্রমান্বয়ে ইংরেজি, উর্দু, জাপানি, চিনা, আরবি, ফরাসি, হিন্দি, তুর্কি, নেপালি, স্পেনীয়, অসমীয়া ও রুশ ভাষায় বইটির অনুবাদ প্রকাশিত হয়েছে।

56) বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কত তারিখে পঠিত হয়?

1)
১০ এপ্রিল ১৯৭১

✔ 2)
১৭ এপ্রিল ১৯৭১

3)
৭ মার্চ, ১৯৭১

4)
২৬ মার্চ, ১৯৭১

**ব্যাখ্যা :** বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা পত্র পঠিত হয় ১৭ এপ্রিল ১৯৭১।
বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে আর এটি পতিত হয় ওই বছরের ১৭ এপ্রিল। আর ঘোষণাপত্রটি পাঠ করেন অধ্যাপক এম ইউসুফ আলী।

Hello BCS

57) কোন আরব দেশ সর্বপ্রথম বাংলাদেশকে স্বাধীন দেশের স্বীকৃতি প্রদান করে?

1)
লেবানন

✔ 2)
ইরাক

3)
ইরান

4)
সৌদি আরব

**ব্যাখ্যা :** আরব দেশগুলোর মধ্যে সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি দেয় ইরাক।
মহান মুক্তিযুদ্ধের শেষলগ্নে প্রথম দেশ হিসেবে ভারত ৬ ডিসেম্বর ১৯৭১ (মতান্তরে ৭ ডিসেম্বর) বাংলাদেশকে স্বীকৃতি দেয়। পরবর্তী দেশ হিসাবে ১৯৭১ - এর৭ ডিসেম্বর হিসাবে ভূটান বাংলাদেশকে স্বীকৃতি দেয় এশিয়ার বাহিরে প্রথম স্বীকৃতিদানকারী দেশ ছিল পূর্ব - জার্মানি ১১ জানুয়ারী ১৯৭২, তারপর বুলগেরিয়া ১২ জানুয়ারী, এবং রাশিয়া - সহ বাকী সোভিয়েত ব্লক দেয় ২৫ জানুয়ারী, ১৯৭২। প্রথম পশ্চিমী দেশ হিসাবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় ৪ ফেব্রুয়ারী, ১৯৭২। ১৯৭২ - এর ২৫শে ফেব্রুয়ারী পর্যন্ত বাংলাদেশ ৩০ দেশের স্বীকৃতি লাভ করে। মুসলিম দেশের মধ্যে মালেশিয়া এবং ইন্দোনেশিয়া ২৫ ফেব্রুয়ারী, ১৯৭২ স্বীকৃতি দেয়। প্রথম আরব দেশ হিসবে ইরাক স্বীকৃতি দেয় ৮ জুলাই, ১৯৭২। প্রথম আফ্রিকান দেশ সেনেগাল স্বীকৃতি দেয় ফেব্রুয়ারী ১৯৭২।

Hello BCS

58) ইতিহাসের জনক কে?

1)
থুসিডাইডিস

✔ 2)
হেরোডোটাস

3)
এরিস্টটল

4)
টয়েনবি

**ব্যাখ্যা :** ইতিহাসের জনক বা পিতা হলেন হেরোডোটাস।
৪৮৪ খ্রিস্টপূর্বাব্দে বর্তমান তুরস্কের হেলিকন আছে জন্মগ্রহণ করেন হেরোডোটাস। তিনি সক্রেটিসের সমসাময়িক ছিলেন। তিনি ৪২৫ খ্রীষ্টপূর্বাব্দে মারা যান।

59) ইউরোপীয় ইউনিয়নের কোন দেশ এখনো 'ইউরো' গ্রহণ করে নি?

1)
জার্মানি

2)
অস্ট্রিয়া

✔ 3)
ইংল্যান্ড

4)
ফ্রান্স

**ব্যাখ্যা :** ইউরোপীয় ইউনিয়নের মধ্যে এখনো 'ইউরো' গ্রহণ করেনি ইংল্যান্ড।
ইউরোপিয়ান ইউনিয়নের ২৮ টি দেশ মধ্যে ইউরো মুদ্রা গ্রহণ করেছে ১৯ টি দেশ। বাকি নয়টি দেশের মধ্যে ইংল্যান্ড অন্যতম যাদের মুদ্রার নাম পাউন্ড স্টার্লিং।

60) 'গ্রিনল্যান্ডের মালিকানা কোন দেশের?

✔ 1)
ডেনমার্ক

2)
ইংল্যান্ডের

3)
সুইডেন

4)
নেদারল্যান্ডস

**ব্যাখ্যা :** ”গ্রীনল্যান্ড” এর মালিকানা ডেনমার্কের।
গ্রীনল্যান্ড পৃথিবীর বৃহত্তম দ্বীপ যার রাজধানী গডথ্যাব। দিপটি ভৌগোলিকভাবে উত্তর আমেরিকা মহাদেশে অবস্থিত আর রাজনৈতিকভাবে ইউরোপের অর্থাৎ ডেনমার্কের শাসনাধীন।

61) 'CNG' এর অর্থ -

1)
সীসামুক্ত পেট্রোল

✔ 2)

Hello BCS

কমপ্রেস করা প্রাকৃতিক গ্যাস

3)
নতুন ধরনের ট্যাক্সি ক্যাব

4)
কার্বনমুক্ত নতুন পরিবেশ বান্ধব তেল

**ব্যাখ্যা :** CNG - এর অর্থ - - কমপ্রেস করা প্রাকৃতিক গ্যাস।
CNG - এর অর্থ হলো compressed natural gas অর্থাৎ কমপ্রেস করা প্রাকৃতিক গ্যাস।

62) ক এর টাকা খ এর টাকার দ্বিগুণ। তাদের ২ জনের ৩০ টাকা আছে। খ এর কত টাকা আছে?

1)
১৫ টাকা

✔ 2)
১০ টাকা

3)
৩০ টাকা

4)
২০ টাকা

**ব্যাখ্যা :** মনে করি, খ এর আছে = X টাকা
সুতরাং, ক এর আছে = ২X টাকা
প্রশ্নমতে, X + ২X = ৩০
বা, ৩ X = ৩০
বা, X = ৩০/৩
বা, X = ১০
সুতরাং, খ এর আছে ১০ টাকা।

63) ০.১ এর বর্গমূল কত?

1)
০.১

2)
০.০১

3)

Hello BCS

০.২৫

✔ 4)
০.৩১

**ব্যাখ্যা :** ০.১ এর বর্গমূল ০.৩১৬
সুতরাং উত্তর বলা যায় ০.৩১

64) a:b= 4:7,  b:c = 5:6 হলে a:b:c কত?

✔ 1)
20: 35: 42

2)
20:44:35

3)
4:5:7

4)
4: 7: 6

**ব্যাখ্যা :** a : b = 4:7 = 20 : 35 [5 দ্বারা গুণ করো]
b: c = 5:6 = 35:42 [7 দ্বারা গুণ করে]
a : b; c = 20:35:42

65) a+b = 5, a-b = 3 হলে ab এর মান কত?

1)
5

2)
2

3)
3

✔ 4)
4

**ব্যাখ্যা :** ab = $(a + b)^2$ - $(a - b)^2/4$
= 25 - 9/4

Hello BCS

= 16/4
= 4

66) ১২০ জন ছাত্রের মধ্যে ৩০ জন ছাত্র ফেল করলে পাসের হার কত?

1)
৪০%

2)
২৫%

3)
৮০%

✔ 4)
৭৫%

**ব্যাখ্যা :** পাশ করেছে = (১২০ - ৩০) ছাত্র = ৯০ ছাত্র
পাশের হার = ৯০*১০০/১২০
= ৭৫%

67) ১০টি সংখ্যার যোগফল ৪৬২। প্রথম ৪টি গড় ৫২, শেষ ৫টির গড় ৩৮। ৫ম সংখ্যাটি কত?

1)
৫০

2)
৬২

✔ 3)
৬৪

4)
৬০

**ব্যাখ্যা :** ১ম চারটির গড় = ৪× ৫২ = ২০৮
শেষ ৫ টির গড় = ৩৮ × ৫ = ১৯০
১০ টি সংখ্যার গড় = ৪৬২ - ৩৯৮
= ৬৪

Hello BCS

68) কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দুর উপর অঙ্কিত রেখাকে ঐ ত্রিভুজের কি বলা হয়?

✔ 1)
মধ্যমা

2)
সমদ্বিখণ্ডক

3)
অতিভুজ

4)
লম্ব

**ব্যাখ্যা :** মধ্যমা : কোনো ত্রিভুজের একটি বাহুর মধ্যবিন্দু ও ঐ বাহুর বিপরীত শীর্ষের দূরত্ব হলো মধ্যমা। ত্রিভুজে তিনটি মধ্যমা রয়েছে।
লম্ব (Perpendicular) : একটি সরলরেখা অপর একটি সরলরেখার উপর দন্ডায়মান হয়ে যদি এক সমকোণ ৯০ ডিগ্রি কোণ উৎপন্ন করে, তবে ঐ সরলরেখাটিকে লম্ব বলে। চিত্রে AO একটি লম্ব।
ভূমি (Base) : ত্রিভুজের শীর্ষবিন্দুর বিপরীত আনুভূমিক রেখাকে ভূমি বলে। চিত্রে BC একটি ভূমি।
অতিভুজ (Hypotenuse) : সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে অতিভুজ বলে। চিত্রে ABC ত্রিভুজের AC অতিভুজ।

69) যদি x+2y = 4, এবং xy = 2 তাহলে x=?

1)
1

✔ 2)
2

3)
0

4)
12

**ব্যাখ্যা :** দেয়া আছে,
x + 2y = 4, , , , , , , , , , , (১)
আবার,
x/y = 2
x = 2y, , , , , , , , , , , , , , , , , , , , , (২)
x - এর মান (১) নং সমীকরণে বসিয়ে পাই,

Hello BCS

2y + 2y = 4
4y = 4
so, y = 1
y - এর মান ২ নং এ বসিয়ে পাই,
x = 2.1
= 2

70) ৩, ৯, ও ৪ এর সমানুপাতিক কত?

✔ 1)
১২

2)
৪

3)
১৪

4)
১৬

**ব্যাখ্যা :** ক্রমিক সমানুপাতিক এর ক্ষেত্রে,
১ম রাশি x ৪র্থ রাশি = ২য় রাশি x ৩য় রাশি
বা, ৩ × চতুর্থ রাশি = ৯×৪
বা, চতুর্থ রাশি = {(৯×৪)/৩} = ১২

71) ১-১০০ পর্যন্ত উপাত্তকে ১০টি শ্রেণিতে ভাগ করলে ৮ নম্বর শ্রেণিটি নিচের কোনটি?

1)
৮৯-৯৯

2)
৮০-৯১

✔ 3)
৭১-৮০

4)
৮০-৯০

**ব্যাখ্যা :**

Hello BCS

72) ১ ঘন্টা ২০ মিনিট ৪ ঘন্টার কত অংশ?

1)
১/৪ অংশ

2)
৩/৪ অংশ

✔ 3)
১/৩ অংশ

4)
২/৩ অংশ

**ব্যাখ্যা :** ৪ ঘন্টা = ৪*৬০ = ২৪০ মিনিট
১ ঘন্টা ২০ মিনিট = ৬০ + ২০ = ৮০ মিনিট
সুতরাং ১ ঘন্টা ২০ মিনিট ৪ ঘন্টার ৮০/২৪০ বা, ১/৩ অংশ।

73) ৬০ জন লোক কোনো কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কতদিনে সম্পন্ন করতে পারবে?

1)
২৯ দিনে

✔ 2)
৩০ দিনে

3)
২৭ দিনে

4)
২৮ দিনে

**ব্যাখ্যা :** ৬০ জন লোক কাজটি করে = ১৮ দিনে
১ " " " " = ৬০ X ১৮ দিনে
৩৬ " " " " = (৬০ X ১৮)/৩৬ দিনে
= ৩০ দিনে

74) শতকরা বার্ষিক ১৫% সুদে ৮০০০ টাকার ৬ মাসের সুদ কত?

1)
৭০০ টাকা

Hello BCS

✔ 2)
৬০০ টাকা

3)
৫০০ টাকা

4)
৮০০ টাকা

**ব্যাখ্যা :** ১০০ টাকার ১ বছরের সুদ ১৫ টাকা
১ টাকার ১ বছরের সুদ ১৫/১০০ টাকা
৮০০০ টাকার ১ বছরের সুদ (১৫ x৮০০০)/১০০ টাকা=১২০০ টাকা
তাহলে, ৬ মাসের সুদ = ১২০০/২=৬০০ টাকা

75) ৫০০ টাকার আম কত টাকায় বিক্রি করলে ৩.৫% লাভ হবে?

1)
৫১০.০০

2)
৫১২.৫০

✔ 3)
৫১৭.৫০

4)
৫১৫.৫০

Hello BCS

**ব্যাখ্যা :** ১০০ টাকায় আম বিক্রয় করতে হবে ১০৩.৫ টাকা
∴ ৫০০ টাকায় " " " " (১০৩.৫ ×৫০০ )/১০০ টাকা
= ৫১৭.৫০ টাকা

76) টাকায় ১০টি দরে লেবু ক্রয় করে ৮টি দরে বিক্রি করলে শতকরা কত লাভ হবে?

1)
১০%

2)
১৫%

3)
২০%

✔ 4)
২৫%

**ব্যাখ্যা :** ১ টি লেবুর ক্রয়মূল্য ১/১০ টাকা
১ টি " বিক্রয়মূল্য ১/৮ টাকা
∴ ;লাভ = (১/১০) - (১/৮ ) টাকা
= (৫ - ৪ )/৪০
= ১/৪০
লাভের হার = {(১/৪০)/(১/১০)×১০০}%
= (১০০×১০) /৪০%
= ২৫%

77) একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গমিটার। এর চারিদিকে বেড়া দেয়া আছে। বেড়ার মোট দৈর্ঘ্য কত?

1)
১৬০ মিটার

✔ 2)
১৮০ মিটার

3)
২০০ মিটার

4)
২২০ মিটার

**ব্যাখ্যা :** আমরা জানি, বর্গের ক্ষেত্রফল = $a^2$
∴ $a^2$= 2025
= > a = ✓(2025)
= > a = 45 মিটার।
∴ পরিসীমার = 4a
= 4×45 = 180
∴ বেড়ার মোট দৈর্ঘ্য = 180 মিটার।

78) 'SIM' নিচের কোনটি সংক্ষিপ্ত রূপ?

✔ 1)
Subscriber Identity Module

2)

Hello BCS

Simple Identification Module

3)
Subscriber Identification Module

4)
Simple Identity Module

**ব্যাখ্যা :** SIM এর সংক্ষিপ্ত রূপ হল Subscriber Identity Module।

79) নিচের কোনটি সিস্টেম সফটওয়্যার?

1)
এমএস ওয়ার্ড

2)
ওরাকল

✔ 3)
এমএস উইন্ডোজ

4)
উবন্টু

**ব্যাখ্যা :** সিস্টেম সফটওয়্যার সেই সফটওয়্যার গুলোকে বলা হয় যেগুলো একটি কম্পিউটার হার্ডওয়্যার কে পরিচালনা এবং নিয়ন্ত্রণ করে থাকে। এমএস উইন্ডোজ হলো সিস্টেম সফটওয়্যার।
অপারেটিং সিস্টেম সফটওয়্যার হলো উৎকৃষ্ট সিস্টেম সফটওয়্যার। এখানে এমএস উইন্ডোস হল সিস্টেম সফটওয়্যার। অন্যদিকে এমএস ওয়ার্ড হল এপ্লিকেশন সফটওয়্যার এবং ওরাকল হল ডাটাবেজ সফটওয়্যার।

80) কোনটি কম্পিউটারের গ্রহণ মুখ নয়?

1)
ওএমআর

2)
কীবোর্ড

✔ 3)
মনিটর

4)
বারকোড রিডার

Hello BCS

**ব্যাখ্যা :** কম্পিউটারের গ্রহণ মুখ নয় মনিটর।
মনিটর একটি কম্পিউটারের আউটপুট ডিভাইস। অন্যদিকে কিবোর্ড, বারকোড ও এম আর হল ইনপুট ডিভাইস বা গ্রহণ মুখ।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS